

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -৩০৩

আগরতলা, ২১ এপ্রিল ২০১৮

সুষ্ঠু সমাজ ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে ব্যবসায়ীদের
গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : মুখ্যমন্ত্রী

ত্রিপুরাকে সর্বক্ষেত্রে শ্রেষ্ঠ রাজ্য হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে ব্যবসায়ীদেরকে অংশীদার হবার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে মহারাজগঞ্জ বাজার ব্যবসায়ী সংঘের উদ্যোগে আয়োজিত বাংলা নববর্ষ - ১৪২৫ অনুষ্ঠানের সূচনা করে এই আহ্বান জানান। তিনি বলেন, সুষ্ঠু সমাজ ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে ব্যবসায়ীদের এক গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাদেরকে সুন্দর মানসিকতা নিয়ে দায়িত্ব সহকারে দৃঢ় সংকল্প নিতে হবে যে, কোন ব্যবসায়ীকে অসাধু উপায়ে ব্যবসা বাণিজ্য করতে দেবোনা, কালোবাজারী করতে দেবো না। গোড়াউনের স্টক রেজিষ্টার ঠিক মতো রাখা হচ্ছে কি না সে দিকেও নজর রাখতে হবে। তবেই সমাজে এর প্রভাব পড়বে। ক্রেতা, গ্রাহক তথা জনসাধারণ উপকৃত হবেন। সরকারের বিভিন্ন ব্যবস্থার সাথে পাশে থেকে ছোট ছোট বাজার কমিটিগুলি যদি এই মানসিকতা নিয়ে চলতে পারে, তাতে সমাজই উপকৃত হবে। তিনি বলেন, রাজ্য সরকার চাইছে রাজ্যে নেশামুক্ত, ভ্রষ্টাচারমুক্ত, নারী নির্যাতন মুক্ত ও ভয়মুক্ত সমাজ ব্যবস্থা গঠন করতে। এই কাজে প্রশাসনের পাশাপাশি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা দরকার। মুখ্যমন্ত্রী শ্রীদেব আরও বলেন, ভারতীয় সমাজ ব্যবস্থা দুনিয়ার শ্রেষ্ঠ সমাজ ব্যবস্থা। অথচ বিগত ২৫ বছরে রাজ্যের সমাজ ব্যবস্থাকে তৎকালীন সরকার চুরমার করার জন্য যা কিছু করার সব কিছুই করে গেছে। এর থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। নতুন বর্ষে নতুন কিছু চিন্তা করে পুরানো অভিজ্ঞতাগুলিকে নিয়ে সুষ্ঠু সমাজ গড়ে তোলার ক্ষেত্রে সকলকে এগিয়ে আসতে হবে।

এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক আশীষ কুমার সাহা, মহারাজগঞ্জ বাজার ব্যবসায়ী সংঘের সম্পাদক সুজিত সাহা সহ সংশ্লিষ্ট ব্যবসায়ীবৃন্দ। অনুষ্ঠানে সমাজে বিশেষ অবদানের জন্য সমাজসেবী ও ব্যবসায়ীদেরকে সম্বর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে ব্যবসায়ী সুবল চন্দ্র বণিক ১ লক্ষ টাকা এবং ব্যবসায়ী অর্জুন চন্দ্র দাস ৫০ হাজার টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করেন। এই দুজন ব্যবসায়ী মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের হাতে এই অর্থ তুলে দেন। অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

জি এস